

শেনজেন ভিসা প্রত্যাখ্যানে শীর্ষ ৩-এ বাংলাদেশ

- A Monitor Desk Report

Date: 21 May, 2025



ঢাকাঃ ২০২৪ সালে শেনজেন ভিসার আবেদন প্রত্যাখ্যানের দিক থেকে বিশ্বের শীর্ষ তিন দেশের মধ্যে রয়েছে কোমোরোস, বাংলাদেশ ও পাকিস্তান।

শেনজেন ভিসা ইনফো প্রকাশিত পরিসংখ্যান অনুযায়ী, এই তিন দেশের নাগরিকদের আবেদনের তুলনায় ভিসা প্রত্যাখ্যানের হার ছিল সবচেয়ে বেশি, যা ইজিত দেয়াতাদের আবেদন প্রত্যাখ্যাত হওয়ার সম্ভাবনা ছিল অন্যদের চেয়ে বেশি।

২০২৪ সালে কোমোরোসের নাগরিকরা মোট ২,৮৫৩টি শেনজেন ভিসার আবেদন জমা দেন। এর মধ্যে ১,৭৫৪টি ভিসা আবেদন প্রত্যাখ্যান করা হয়। ভিসা প্রত্যাখ্যানের হার সর্বোচ্চ ৬২ দশমিক ৮ শতাংশ।

বাংলাদেশী নাগরিকদের জন্যও পরিস্থিতি বেশ উদ্বেগজনক। ২০২৪ সালে বাংলাদেশীরা ৩৯,৩৪৫টি ভিসার জন্য আবেদন করেন। তার মধ্যে ২০,৯৫৭টি আবেদন প্রত্যাখ্যাত হয়। এ হার ৫৪ দশমিক ৯ শতাংশ।

এর আগের বছর অর্থাৎ ২০২৩ সালেও পরিস্থিতি খুব একটা ভালো ছিল না। তখন বাংলাদেশীরা ৪১,৩১৭টি শেনজেন ভিসার আবেদন করেন। যার মধ্যে ১৭,০১৫টি আবেদন প্রত্যাখ্যাত হয়। সেবার আবেদন প্রত্যাখ্যানের হার ছিল ৪২ দশমিক ৮ শতাংশ। অর্থাৎ এক বছরের ব্যবধানে প্রত্যাখ্যানের হার প্রায় ১২ শতাংশ বেড়েছে।

বিশেষভাবে উল্লেখযোগ্য যে, ২০২৪ সালে বাংলাদেশীদের সবচেয়ে বেশি ভিসা প্রত্যাখ্যান করেছে সুইডেন। দেশটি বাংলাদেশীদের ১৭,৯১৭টি আবেদনের ৬৭ দশমিক ৫ শতাংশই প্রত্যাখ্যান করেছে।

ভিসা প্রত্যাখ্যানের হারে এরপরের নামটিই পাকিস্তান। দেশটির নাগরিকরা ২০২৪ সালে শেনজেন ভিসার জন্য ৭৮,৩৬২টি আবেদন জমা দেন। তার মধ্যে ৩৫,১৩৯টি আবেদন প্রত্যাখ্যান করা হয়, অর্থাৎ ৪৭.৫ শতাংশ আবেদনই প্রত্যাখ্যাত হয়।

